যায়যায়দিন

তারিখ OCT. 15 2006
পৃষ্ঠা ১৬ কলাম ৪

৪

# আতঙ্কে দিন কাটছে পাবলিক ইউনিভার্সিটির ভিসিদের

## সবাই চলছেন সাবধানে, গানম্যান দিচ্ছে সরকার

আতিক রহমান পূর্ণিয়া

সন্ত্রাসী হামলার আশঙ্কায় আতঙ্কিত হয়ে পড়েছেন পাবলিক ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলররা। নিরাপত্তার কারণে তারা দৈনন্দিন কাজকর্মের রুটিনেও এনেছেন পরিবর্তন। গত সপ্তাহে এক ভিসিকে হত্যাচেষ্টা নস্যাৎ হওয়ার পর একটি গোয়েন্দা সংস্থার দেয়া রিপোর্টের পরিপ্রেক্ষিতে সরকারের উচ্চ পর্যায়ের নির্দেশেই এ পরিবর্তন। সরকারের পক্ষ থেকে নিয়োগ করা হয়েছে গানম্যান।

দেশের কোনো কোনো ইউনিভার্সিটির ভিসি দর্শনার্থীদের সঙ্গে সাক্ষাৎ পুরোপুরি বন্ধ করে দিয়েছেন। তারা বাইরে অনুষ্ঠানে যোগ দেয়াও বন্ধ করে দিয়েছেন। দু'একজন রাতে বাইরেও যাচ্ছেন না। অন্যরা চলছেন সাবধানে।

খোঁজ নিয়ে জানা যায়, ন্যাশনাল ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর ওয়াকিল আহমেদ এখন কোনো দর্শনার্থীর সঙ্গে দেখা করছেন না। এমনকি রাতে ক্যাম্পাসের বাইরে কোনো অনুষ্ঠানেও তিনি যাচ্ছেন না। গতকাল শনিবার তিনি তার পূর্বনির্ধারিত একটি অনুষ্ঠান বাতিল করেন। এ বিষয়ে যোগাযোগ করলে ভিসি বলেন, একটু তো আশঙ্কা আছেই। তবে কি জন্য কারা ভিসিদের টার্গেট করছে আমি বলতে পারবো না। তিনি প্রশ্ন করেন, কতোটা সাবধান হওয়া যায়? তারপরও কাজ চালিয়ে যেতে হবে।

দেশের প্রথম সারির আরেকটি ইউনিভার্সিটির ভিসির নিরাপত্তায় হঠাৎ করেই গানম্যান নিয়োগ করেছে সরকার। যদিও তিনি গানম্যান নিয়ে চলাফেরায় স্বাচ্ছন্দ্য বোধ করছেন না বলে জানিয়েছেন।

এসব বিষয়ে ঢাকা ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ড. এসএমএ ফায়েজ যায়যায়দিনকে বলেন, প্রফেসর আফতাব আহমাদ হত্যাকাণ্ডের পর আমরা সব শিক্ষকের নিরাপত্তা নিয়েই উদ্বিগ্ন। তাই শিক্ষকদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি আহ্বান জানাচ্ছি। পৃ২১ ক৬

## আতঙ্কে দিন কাটছে

*(শেষ পৃষ্ঠার পর)*

জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটির ভিসি প্রফেসর খন্দকার মুস্তাহিদুর রহমান বলেন, কিছুটা তো সমস্যা আছেই। সাবধানে চলা ভালো। তবে তিনি ভীত নন বলে জানান।

সূত্র জানায়, গত সপ্তাহে কুষ্টিয়া ইউনিভার্সিটির ভিসি ফয়েজ সিরাজুল হককে তার উত্তরার বাসায় হত্যার চেষ্টা করা হলেও ভাগ্যক্রমে তিনি বেঁচে যান। সন্ত্রাসী হামলার আশঙ্কায় বাংলাদেশ ওপেন ইউনিভার্সিটির ভিসি তার নির্ধারিত অফিসে বসা আপাতত বন্ধ রেখেছেন।

### প্রভোস্টকে হত্যার হুমকি

এদিকে ঢাকা ইউনিভার্সিটির ফজলুল হক মুসলিম হলের প্রভোস্ট প্রফেসর ড. মোঃ মোজাম্মেল হককে গত বৃহস্পতিবার রাতে অজ্ঞাতপরিচয় এক ব্যক্তি মোবাইল ফোনে হত্যার হুমকি দিয়েছে। ওই ব্যক্তি ০১৯২৩৩১৭৫০ নাম্বার মোবাইল থেকে বলে, 'আপনার ড. আফতাবের মৃত্যুর ঘটনা জানা আছে.। আমাদের তালিকায় আপনিও আছেন। তত্ত্বাবধায়ক সরকার আসা পর্যন্ত অপেক্ষা করুন।'

এ বিষয়ে শাহবাগ থানায় জিডি হয়েছে। নিরাপত্তা দিতে ভিসি ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদককে তিনি চিঠি দিয়েছেন।